গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: --------, ১৪৩২ বঙ্গাব্দ/ -------, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ......... -আইন/২০২৬/ ........ /কাস্টমস।**- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, উক্ত আইনের ধারা ১১, ১২, ষোড়শ অধ্যায় এবং দ্বিতীয় তফসিলের দফা ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

**১। শিরোনাম ও প্রবর্তন।**- (১) এই বিধিমালা "এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) বিধিমালা, ২০২৬" নামে অভিহিত হইবে।

(২) এ সংক্রান্ত গেজেট প্রজ্ঞাপন জারির তারিখ হইতে এই বিধিমালা কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **'আইন'** অর্থ 'কাস্টমস আইন, ২০২৩' (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **'অপারেটর'** অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে আকাশ পথে পরিবাহিত বা পরিবাহিতব্য কোনো কার্গো বিমানবন্দরের অভ্যন্তর হইতে অথবা বিমানবন্দরে প্রেরণের উদ্দ্যেশ্যে এই বিধিমালার অধীন সুনির্দিষ্ট বন্ডেড ওয়্যারহাউসে প্রেরণ, ওয়্যারহাউসে গ্রহণ ও বিমানবন্দরে প্রেরণ, সংরক্ষণ, স্টাফিং, আন-স্টাফিং, কনসলিডেটিং, ডি-কনসলিডেটিং, ডেলিভারী ও ডেসপ্যাচ কিংবা অন্যবিধভাবে হ্যান্ডলিং করার নিমিত্ত আইনের ধারা ১৩০ মোতাবেক ওয়্যারহাউস রক্ষক (Custodian) হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্সপ্রাপ্ত;

(গ) **'এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস)'** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে এয়ার কার্গো ওয়্যারহাউস অপারেটর'স স্টেশন হিসেবে লাইসেন্সপ্রাপ্ত স্থাপনা, যাহা ওয়্যারহাউস হিসেবে আইনের ধারা ১১ কিংবা ১২ অনুসারে স্বীকৃত এবং যেইখানে কাস্টমস কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে কোনো নির্দিষ্ট বিমানবন্দরের মাধ্যমে আকাশপথে পরিবাহিত বা পরিবাহিতব্য কার্গোর সংরক্ষণ, স্টাফিং, আন-স্টাফিং, কনসলিডেটিং, ডি-কনসলিডেটিং, ডেলিভারী ও ডেসপ্যাচ কিংবা অন্যবিধভাবে হ্যান্ডলিংসহ আমদানি বা রপ্তানি বা ট্রানজিট বা ট্রানশিপমেন্ট সংক্রান্ত প্রক্রিয়াদি সম্পাদন করা হয়;

(ঘ) **'বোর্ড'** অর্থ National Board of Revenue Order, 1972 (President's Order No 76 Of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড;

(ঙ) **'বিমানবন্দর'** অর্থ আইন এর ধারা ২ এর উপধারা (১৭) অনুযায়ী সংজ্ঞায়িত কাস্টমস বিমানবন্দর;

(চ) **"কার্গো"** অর্থ আকাশপথে পরিবাহিত কোনো পণ্য, সামগ্রী, পার্সেল বা নথি;

(ছ) **"কাস্টমস বন্ডেড এরিয়া"** অর্থ আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ছাড়প্রদান বা নিষ্পত্তির পূর্বে সাধারণ সংরক্ষণের স্থান;

(জ) **'সংশ্লিষ্ট বিমানবন্দর'** এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সধারীর জন্য নির্দিষ্টকৃত বিমানবন্দর;

(ঝ) **'সংশ্লিষ্ট কমিশনার'** এই বিধিমালার অধীন সংজ্ঞায়িত এসিওএস এর লাইসেন্স প্রদান ও এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস;

(ঞ) **'কাস্টমস কম্পিউটার সিস্টেম'** অর্থ আইনের ধারা ২(১৫) তে সংজ্ঞায়িত কাস্টমস কম্পিউটার সিস্টেম; এবং

(ট) **'ইলেকট্রনিক কার্গো ট্র্যাকিং সিস্টেম (ECTS)'** অর্থ কার্গো পরিবহণের ক্ষেত্রে গ্লোবাল পজিশনিং সিস্টেম (GPS) বা অন্যবিধ তথ্যপ্রযুক্তিনির্ভর পদ্ধতির মাধ্যমে পণ্য চালানের বাস্তব সময়ভিত্তিক (Real Time) পর্যবেক্ষণ ও মনিটরিং ব্যবস্থা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। **প্রযোজ্যতা।**- বিধি ৪ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য কার্গোর ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে।

৪। **কতিপয় কার্গোর ক্ষেত্রে নিয়ন্ত্রণ।**- (১) ঝুঁকি, মূল্য এবং ধরণ বিবেচনায় নিম্নবর্ণিত কার্গো এ বিধিমালার আওতায় নিষ্পত্তিযোগ্য হইবে না, যথা-

(ক) স্বর্ণ, হীরা, মূল্যবান রত্ন, মূল্যবান ধাতু অথবা তৎকর্তৃক প্রস্তুতকৃত গয়না এবং মুদ্রা;

(খ) উদ্ভিদ ও প্রাণী এবং

(গ) যেকোন ধরনের অস্ত্র ও গোলাবারুদ।

(২) সংশ্লিষ্ট কমিশনারের সুপারিশক্রমে অথবা বোর্ড প্রয়োজন মনে করিলে যে কোন সময় এই বিধিমালার আওতায় যেকোন ধরণের কার্গো নিষ্পত্তির ক্ষেত্রে নিয়ন্ত্রণ আরোপ করিতে পারিবে।

৫। **এসিওএস লাইসেন্স প্রাপ্তির শর্ত।**- (১) এসিওএস লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হইবে, যথা:

**৫.১ সাধারণ শর্তাবলী:**

(১) আবেদনকারী প্রতিষ্ঠানকে যথাযথভাবে রেজিস্ট্রার যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (Registrar of Joint Stock Companies and Firms) হইতে কোম্পানি হিসেবে নিবন্ধিত হইতে হইবে;

(২) আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আকাশপথের মাধ্যমে আমদানি-রপ্তানি পণ্যচালান পরিবহন, ছাড়করণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা অথবা কার্গো হ্যান্ডলিং এর ক্ষেত্রে অন্তত ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;

(৩) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;

(৪) আবেদনকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন ও হালনাগাদ আয়কর সনদ, ফায়ার লাইসেন্স, অগ্নি ও দূর্যোগ বিমা সনদ দাখিল করিতে হইবে;

(৫) প্রস্তাবিত স্থাপনার বিস্তারিত লেআউট প্ল্যান দাখিল করিতে হইবে, যেখানে পণ্য পরীক্ষণ এলাকা, নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) এলাকা, আটক বা জব্দকৃত বা পরিত্যক্ত পণ্যের সংরক্ষণ এলাকা, লোডিং-আনলোডিং এলাকা এবং কাস্টমস অফিসের জন্য নির্দিষ্ট এলাকা চিহ্নিত থাকিবে।

**৫.২ স্থান নির্বাচন ও ধারণক্ষমতা সংক্রান্ত শর্তাবলী:**

(১) এসিওএস স্থাপনের জন্য প্রযোজ্য জমির (মালিকানাধীন/ক্রয়কৃত/ভাড়াকৃত বা লিজকৃত) পরিমাণ ন্যূনতম ০১ (এক) একর, ধারণ ক্ষমতা (এককালীন) ১,০০০ (এক হাজার) মে.টন এবং সংশ্লিষ্ট বিমানবন্দর হতে দূরত্ব ২০ কি.মি. এর মধ্যে হইতে হইবে;

(২) রেল, সড়ক, নৌ মাধ্যমগুলির এক বা একাধিক মাধ্যমের সহিত প্রস্তাবিত এসিওএস এর যোগাযোগ ব্যবস্থা থাকিতে হইবে।

**৫.৩ অবকাঠামো ও লজিস্টিকস সংক্রান্ত শর্তাবলী:**

(১) এসিওএস এর ক্ষেত্রে কার্গো হ্যান্ডলিং ও সংরক্ষণের জন্য প্রযোজ্য স্থান সুনির্দিষ্ট করিতে হইবে এবং কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য প্রয়োজন মোতাবেক যথাযথ অবকাঠামো থাকিতে হইবে;

(২) পঁচনশীল, নিলাম ও ধ্বংসযোগ্য পণ্য সংরক্ষণের জন্য এসিওএস এ সুনির্দিষ্টকৃত পর্যাপ্ত স্থান থাকিতে হইবে;

(৩) কাস্টমস কর্তৃপক্ষের জন্য সম্পূর্ণ বিনামূল্যে পৃথক, সুসজ্জিত ও আধুনিক অফিস স্পেস, মিটিং ও কনফারেন্স রুম, অফিস সরঞ্জাম ও স্টেশনারি, ইমেজ মনিটরিং সেন্টার, কম্পিউটার, ইন্টারনেট, টেলিফোন, প্রিন্টার, স্ক্যানার, ওয়াকিটকি, নেটওয়ার্কিং ও রেডিও যোগাযোগ ব্যবস্থা, রেকর্ড সংরক্ষণের জন্য সুরক্ষিত স্থান, শিফটে কর্মরতদের বিশ্রামাগার, পরিবহণ সুবিধা এবং সংশ্লিষ্ট কমিশনার এর বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য সুবিধাসমূহ নিশ্চিত করিতে হইবে;

(৪) এসিওএস তাদের কার্যক্রম পরিচালনার জন্য পর্যাপ্ত সংখ্যক নিজস্ব লোকবল এবং কর্মী নিয়োগ প্রদান করিবে;

(৫) যানবাহনের সুষ্ঠু চলাচল বিবেচনায় রাখিয়া প্রয়োজনীয় সংখ্যক পৃথক প্রবেশ ও প্রস্থান গেইট স্থাপন করিতে হইবে;

(৬) অপেক্ষমান যানবাহন পার্কিং এর জন্য পর্যাপ্ত পরিসরে পার্কিং সুবিধা থাকিতে হইবে;

(৭) কার্গো হ্যান্ডলিং দক্ষতার সাথে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস থাকিতে হইবে;

(৮) উন্নত সেবা প্রদান ও বিভিন্ন কর্তৃপক্ষ ও ব্যবহারকারীদের সহিত সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার জন্য টেলিফোন, ফ্যাক্স, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ইন্টারনেট সংযোগ, নেটওয়ার্কিং যন্ত্রসহ সম্ভাব্য আধুনিক ও উন্নত তথ্য যোগাযোগ প্রযুক্তি সুবিধা থাকিতে হইবে;

(৯) এসিওএস এর সমগ্র এলাকা সিসিটিভি নেটওয়ার্ক এর আওতায় থাকিতে হইবে এবং উহাতে কাস্টমস কর্তৃপক্ষকে প্রবেশাধিকার (Access) প্রদান করিতে হইবে, যাহাতে কাস্টমস কর্তৃপক্ষ যাবতীয় কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করিতে পারেন;

(১০) এসিওএস এর ইয়ার্ড বা ফ্লোর এর উচ্চতা অতিবর্ষণ জনিত জলবদ্ধতামুক্ত হইতে হইবে এবং আধুনিক ড্রেনেজ সিস্টেমের ব্যবস্থা থাকিতে হইবে;

(১১) পানি ও বিদ্যুতের সার্বক্ষণিক ব্যবস্থা থাকিতে হইবে;

(১২) এসিওএস পরিচালনার ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব ওয়্যারহাউস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার থাকিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে উহা কাস্টমস কম্পিউটার সিস্টেমের সহিত সংযোগ প্রদানের মাধ্যমে তথ্য-আদান প্রদানে সক্ষম হইতে হইবে;

(১৩) এসিওএস এর ফি, ট্যারিফ ও চার্জ পরিশোধের জন্য ইলেকট্রনিক পেমেন্ট ব্যবস্থা থাকিতে হইবে;

(১৪) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহজে চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে;

(১৫) নারী-বান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করিতে হইবে;

(১৬) ২৪/৭ ব্যাকআপ সহ ASYCUDA World এবং অন্যান্য কাস্টমস সিস্টেম সচল রাখিতে হইবে;

(১৭) Non-Intrusive Inspection স্ক্যানার ও সরঞ্জামাদি ইনস্টলেশন সুবিধা থাকিতে হইবে;

(১৮) দেশীয় ও আন্তর্জাতিক মান অনুসরণ করে তাপমাত্রা-সংবেদনশীল পণ্যের সুসংরক্ষণ ব্যবস্থা থাকিতে হইবে।

(১৯) বিমান বন্দর হতে পণ্যচালান ওয়্যারহাউসে পরিবহনের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম ০৪ (চার) টি আইপি ক্যামেরা সংবলিত গাড়ী/কাভার্ড ভ্যান থাকিতে হইবে এবং এইরুপ পরিবহন বিমা সুবিধার আওতায় থাকিতে হইবে।

**৫.৪ নিরাপত্তা সংক্রান্ত শর্তাবলী:**

(১) এসিওএস এর চৌহদ্দি নিরবচ্ছিন্ন যথোপযুক্ত সীমানা প্রাচীর দ্বারা পরিবেষ্টিত হইতে হইবে;

(২) অননুমোদিত প্রবেশ রোধে যথাযথ অ্যাক্সেস কন্ট্রোল এবং ডিজিটাল প্রবেশ রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা থাকিতে হইবে;

(৩) আইটি-ইনফ্রাস্ট্রাকচার, তথ্যপ্রযুক্তি ব্যবস্থা এবং সংশ্লিষ্ট সকল সফটওয়্যারের অবকাঠামোগত ও সাইবার নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে;

(৪) কাস্টমস সিস্টেম, ASYCUDA World ইত্যাদিতে প্রযোজ্য ক্ষেত্রে API/Web services এর অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ এবং অপব্যবহার রোধে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(৫) দুর্ঘটনা ও প্রাকৃতিক দুর্যোগের কথা বিবেচনায় সুরক্ষিত ডাটা ব্যাকআপ ও রিকভারি ব্যবস্থা তৈরি করা এবং কাস্টমস কর্তৃপক্ষের নিকট সেসবের এক্সেস প্রদান করিতে হইবে;

(৬) এসিওএস কর্তৃপক্ষ কর্তৃক তাঁহার নিজস্ব অথবা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনপ্রাপ্ত বেসরকারি নিরাপত্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নিরাপত্তা বাহিনী নিয়োগ করিতে হইবে;

(৭) উচ্চ ঝুঁকি সম্পন্ন পণ্য সংরক্ষণের ক্ষেত্রে পৃথকভাবে এলাকা নির্ধারণ করিয়া উহাতে প্রয়োজনীয় অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে;

(৮) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত শর্ত অনুযায়ী অগ্নি নির্বাপনের প্রয়োজনীয় সুবিধাদি থাকিতে হইবে এবং নিয়মিতভাবে ফায়ার ড্রিল আয়োজন করিতে হইবে;

(৯) প্রাথমিক চিকিৎসা ব্যবস্থাসহ সার্বক্ষণিক অ্যাম্বুলেন্স সুবিধা থাকিতে হইবে; তবে শর্ত থাকে যে, নিজস্ব অ্যাম্বুলেন্স ব্যবস্থা না থাকিলে জরুরি প্রয়োজনে তাহা সহজলভ্য করার লক্ষ্যে স্থানীয় ক্লিনিক বা হাসপাতালের সহিত চুক্তি থাকিতে হইবে;

(১০) প্রয়োজনীয় স্থায়ী কর্মী নিয়োগ প্রদান করিতে হইবে এবং উহাদের ক্ষেত্রে বাংলাদেশের শ্রম আইন পরিপালন করিতে হইবে।

**৫.৫ Non-Intrusive Inspection (NII) ডিভাইসসমূহ স্থাপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত শর্তাবলী:**

(১) এসিওএসকে সংশ্লিষ্ট কমিশনারের সন্তুষ্টি মোতাবেক নন-ইনট্রুসিভ ইন্সপেকশন কর্মকাণ্ডের জন্য নির্ধারিত এলাকা সংরক্ষণ, এ সংক্রান্ত সরঞ্জামাদি-ডিভাইস স্থাপন ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে;

(২) এসিওএসকে সংশ্লিষ্ট কমিশনারের সাথে পরামর্শক্রমে কাস্টমস কর্মকর্তাগণকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস পরিচালনা, পর্যালোচনা ও Image Analysis সংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করিতে হইবে;

(৩) এসিওএসকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস ২৪/৭ সচল বা ব্যবহার উপযোগী রাখা এবং উক্ত কাজে পর্যাপ্ত জনবল নিয়োজিত করিতে হইবে;

(৪) এসিওএস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কমিশনারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস অপসারণ বা বাতিল বা অন্যকোনভাবে ব্যবস্থিত করিতে পারিবে না;

**৫.৬ বাজেয়াপ্তকৃত, পরিত্যক্ত ও অতিরিক্ত মেয়াদে অবস্থানকারী পণ্যের জন্য পৃথক স্থান-** যথাযথ হিসাবরক্ষণ ও ইনভেন্টরির স্বার্থে বাজেয়াপ্তকৃত, পরিত্যক্ত ও অতিরিক্ত মেয়াদে অবস্থানকারী পণ্যের সংরক্ষণ/ব্যবস্থাপনার জন্য এসিওএস-এ বিশেষ এবং সুরক্ষিত স্থান নির্ধারিত থাকিতে হইবে।

**৫.৭ রিস্ক বন্ড, গ্যারান্টি ইত্যাদি প্রদান:** (১) এসিওএস লাইসেন্স প্রাপ্তির জন্য বোর্ড কর্তৃক প্রাথমিক অনুমতি প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত হারে লাইসেন্স ফি (অফেরতযোগ্য) এবং সিকিউরিটি ডিপোজিট (নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি) দাখিল করিতে হইবে;

| লাইসেন্স ফি<br>(অফেরতযোগ্য) | সিকিউরিটি ডিপোজিট<br>(নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি) |
|---|---|
| ৫,০০,০০০/- (পাঁচ) লক্ষ টাকা | ২০,০০,০০০/- (বিশ) লক্ষ টাকা |

(২) লাইসেন্সের জন্য বিবেচিত হলে প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদানের পূর্বেই নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ২০ (বিশ) কোটি টাকার সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) দাখিল করিতে হইবে যাহার মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর।

(৩) এসিওএস কর্তৃক কমিশনার অব কাস্টমস এর বরাবর তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত ১০ (দশ) কোটি টাকা মূল্যমানের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি দাখিল করিতে হইবে যাহাতে করিয়া পণ্যের ক্ষয়ক্ষতি হইলে বা হারানো গেলে অথবা সরকারি সম্পদ, স্থাপনা, যানবাহন ও অবকাঠামো বিনষ্ট হইলে যথাযথ ক্ষতিপূরণ বা প্রযোজ্য শুল্ক-করাদি আদায় এবং আইন ও বিধি মোতাবেক পরিপালন (Compliance) নিশ্চিত করা যায়; তবে শর্ত থাকে যে, আইনের ধারা ৯৭ অনুযায়ী Authorized Economic Operator (AEO) মর্যাদাভুক্ত প্রতিষ্ঠান হইলে ০৫ (পাঁচ) কোটি টাকা মূল্যের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি যথাযথ বলিয়া গৃহীত হইবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত সিকিউরিটি ডিপোজিট এবং উপ-বিধি (৩) এ উল্লিখিত গ্যারান্টি প্রযোজ্য ক্ষেত্রে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে চুক্তির মেয়াদান্তে লাইসেন্স সমর্পন করিলে বা অন্য কোন স্বাভাবিক ব্যবসায়িক কারণে সমর্পন করিলে কমিশনার কর্তৃক অবমুক্ত করা হইবে; তবে শর্ত থাকে যে, এই বিধিমালার বিধান ভঙ্গ করিবার কারণে কমিশনার কর্তৃক চুড়ান্তভাবে লাইসেন্স বাতিল করিলে প্রদত্ত সিকিউরিটি ডিপোজিট ও ব্যাংক গ্যারান্টি সরকারের অনুকূলে নগদায়নযোগ্য হইবে এবং এইরূপ নগদায়ন কমিশনারকে এই আইনের অধীন অন্য কোন দণ্ড আরোপের ক্ষেত্রে বারিত করিবে না।

**৬। কাস্টমস নিয়ন্ত্রণের উদ্দেশ্যে অধিক্ষেত্র নির্ধারণ:** এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কাস্টমস নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনার এর অধিক্ষেত্র হইবে নিম্নের ছকে বিধৃত ভৌগোলিক এলাকা, যথা:

| ক্রম | ভৌগোলিক এলাকা | কমিশনার অব কাস্টমস |
|---|---|---|
| (১) | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকার মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিতব্য এসিওএস | কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা |
| (২) | হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিতব্য কোন এসিওএস | কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস (আইসিডি), চট্টগ্রাম |
| (৩) | ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেটের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিতব্য এসিওএস | কমিশনার অব কাস্টমস<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট |

৭। **লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আবেদন ও অনুমোদন পদ্ধতি।**— (১) এই বিধিমালার অধীন এসিওএস এর লাইসেন্স প্রাপ্তির জন্য বিধি ৬ এ বর্ণিত সংশ্লিষ্ট কমিশনার বরাবর **পরিশিষ্ট-খ** তে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ **পরিশিষ্ট-ক** তে বর্ণিত নির্ধারিত ছকে আবেদন করিতে হইবে।

(২) লাইসেন্সের আবেদন প্রাপ্তির পর দাখিলকৃত দলিলাদি যাচাইয়ান্তে যথাযথ পাইলে কমিশনারের নির্দেশক্রমে **পরিশিষ্ট-গ** তে গঠিত কমিটি কর্তৃক প্রস্তাবিত স্থানটি সরেজমিন পরিদর্শন করিবে এবং সন্তোষজনক বিবেচিত হইলে আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবে;

(৩) সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক প্রেরিত প্রতিবেদন পর্যালোচনা করত: সন্তোষজনক বিবেচিত হলে জাতীয় রাজস্ব বোর্ড প্রস্তাবিত স্থানটিকে কাস্টমস বন্ডেড এরিয়া হিসেবে ঘোষণা প্রদান করিবে এবং বন্ডেড ওয়্যারহাউস স্থাপনের প্রাথমিক সম্মতি/অনুমোদন প্রদান করিবে অথবা অসম্মতি জ্ঞাপন করিয়া আবেদন প্রত্যাখানের জন্য সংশ্লিষ্ট কমিশনারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে এবং উহার অনুলিপি আবেদনকারীকে প্রদান করিবে;

(৪) বোর্ডের প্রাথমিক সম্মতি/অনুমোদনের পর সংশ্লিষ্ট কমিশনার আবেদনকারী বরাবর বন্ড লাইসেন্স ইস্যু করিবেন, লাইসেন্সের শর্ত ও সীমা নির্ধারণ করিবেন এবং এই বিধিমালার শর্ত অনুযায়ী এসিওএস এর অবকাঠামো নির্মাণ ও কার্গো হ্যান্ডলিং সংক্রান্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের অনুমতি প্রদান করিবেন;

(৫) এসিওএস-এর অবকাঠামো নির্মাণ এবং কার্গো হ্যান্ডলিং সংক্রান্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন সম্পন্ন হইলে আবেদনকারী এই বিধিমালার আওতায় চূড়ান্তভাবে লাইসেন্স ইস্যুর জন্য সংশ্লিষ্ট কমিশনার বরাবর প্রয়োজনীয় দলিল ও প্রমাণকসহ আবেদন দাখিল করিবেন। এইরূপ আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে **পরিশিষ্ট-গ** তে গঠিত কমিটি দাখিলকৃত দলিলাদি যাচাই-বাছাইপূর্বক স্থানটি পরিদর্শন করিয়া এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করিয়া কমিশনারের নিকট মতামত ও সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পেশ করিবে। কমিশনার উক্ত প্রতিবেদন প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাঁর নিজস্ব মতামত ও সুপারিশসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবে, যাহা পর্যালোচনাপূর্বক বোর্ড এসিওএস স্থাপনের চূড়ান্ত সম্মতি/অনুমোদন প্রদান করিবে; অথবা অসম্মতি জ্ঞাপন করিয়া আবেদন প্রত্যাখানের জন্য সংশ্লিষ্ট কমিশনারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে এবং উহার অনুলিপি আবেদনকারীকে প্রদান করিবে;

(৬) বোর্ডের উক্তরূপ চূড়ান্ত সম্মতি/অনুমোদনের পর সংশ্লিষ্ট কমিশনার প্রতিষ্ঠানটির অনুকূলে ০৩ (তিন) বৎসরের জন্য এসিওএস এর চূড়ান্ত লাইসেন্স প্রদান করিবে।

৮। **শিথিলকরণ ও নিয়ন্ত্রণের ক্ষমতা।-**

(১) যদি বোর্ড এই মর্মে সন্তুষ্ট হন যে, এসিওএস বাস্তবতার নিরীখে কোনো যৌক্তিক কারণে বিধি ৫-এর কোনো শর্ত সাময়িকভাবে পূরণ করিতে অপারগ, এসিওএস আবেদনকারী প্রতিষ্ঠানের লিখিত আবেদন এবং সংশ্লিষ্ট কমিশনারের সুপারিশের ভিত্তিতে বিধি ৫ এর যেকোনো শর্ত নির্ধারিত সময়ের জন্য কারণ উল্লেখপূর্বক শিথিল করিতে পারিবে।

(২) বোর্ড শিথিলকরণের এরূপ আবেদন প্রাপ্তির পর তা পর্যালোচনাপূর্বক শিথিলকরণের সিদ্ধান্ত গ্রহণ করিলে উক্তরূপ শিথিলকরণের শর্তসমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক এসিওএস আবেদনকারী প্রতিষ্ঠানকে সাময়িকভাবে নির্ধারিত সময়ের জন্য কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করিতে পারিবে। সেক্ষেত্রে পরবর্তীতে ন্যূনতম ০১ (এক) বছর সফলভাবে পরিচালনার পরিপ্রেক্ষিতে এবং বিধিমালার সকল শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ণাঙ্গরূপে কার্যক্রম পরিচালনার চূড়ান্ত অনুমতি প্রদান করা যাইবে।

(৩) সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজন মনে করিলে নিজ বিবেচনায় কাস্টমস বন্ডেড এরিয়ায় পণ্য প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রণ বিষয়ে নির্দেশ দিতে পারিবেন।

০৯। **লাইসেন্স নবায়ন এবং নবায়ন ফি।-**

(১) প্রতি তিন বৎসর পর পর লাইসেন্স নবায়ন করিতে হইবে এবং নবায়ন ফি বাবদ ৫,০০,০০০/- (পাঁচ) লক্ষ টাকা পরিশোধ করিতে হইবে;

(২) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ দিন পূর্বে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদিসহ লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে;

(৩) সংশ্লিষ্ট কমিশনার লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর যথোপযুক্ত কর্মকর্তার মাধ্যমে দলিলাদি যাচাইপূর্বক যথাযথ প্রাপ্তি সাপেক্ষে এবং এসিওএস-এর সামগ্রিক কার্যক্রম সন্তোষজনক হইলে এবং আইন, বিধি, বিজ্ঞপ্তি, আদেশ ইত্যাদি অনুসরণে কোনো বড় ধরণের ব্যত্যয় না থাকিলে কমিশনার পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য লাইসেন্স নবায়ন করিবেন; তবে শর্ত থাকে যে, আইনের ধারা ৯৭ অনুযায়ী Authorized Economic Operator (AEO) মর্যাদাভুক্ত প্রতিষ্ঠান হইলে নবায়ন হইবে পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য;

(৪) লাইসেন্স নবায়ন করিবার সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সধারী কর্তৃক প্রযোজ্য সিকিউরিটি ডিপোজিট ও সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) হালনাগাদ করিয়া পুনরায় দাখিল করিবে;

(৫) প্রযোজ্য সিকিউরিটি ডিপোজিট ও সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) হালনাগাদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার লাইসেন্স নবায়ন করিবেন।

**১০। লাইসেন্সের অনুলিপি প্রদান।—** লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোন প্রকারে নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট লাইসেন্সধারী ২০,০০০/- (বিশ হাজার) টাকার এ-চালান লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর দাখিলপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবেন।

**১১। এসিওএস এর দায়িত্বসমূহ-** (১) এসিওএসকে নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করিতে হইবে-

(১) বিধি ৫-এ বর্ণিত সকল শর্ত পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(২) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের সকল শর্ত পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(৩) কাস্টমস বিমানবন্দর এলাকা হইতে এসিওএস বন্ডেড ওয়্যারহাউসে ECTS (Electronic Cargo Tracking System) এর আওতায় অথবা ECTS এর অবর্তমানে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক এস্কর্ট হিসেবে নিয়োগকৃত যথাযথ কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে সকল কার্গো, প্যাকেজ ও কনসাইনমেন্ট সিলযুক্ত এবং সিল অক্ষত/অভঙ্গ অবস্থায় স্থানান্তরের ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে এবং এইরূপ স্থানান্তরের ক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে;

(৪) ওয়্যারহাউসে সংরক্ষিত সকল কার্গোর ইলেকট্রনিক রেকর্ড সংরক্ষণ এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র সেইগুলো উপস্থাপন নিশ্চিত করিতে হইবে;

(৫) কার্গো গমনাগমন সংক্রান্ত যে কোন কর্মকান্ডের রেকর্ড সংরক্ষণ করিতে হইবে;

(৬) ওয়্যারহাউসে সংরক্ষিত সকল কার্গোর ইলেকট্রনিক রেকর্ড, কার্গোর আগমন ও রিলিজ সংক্রান্ত রেজিস্টার ব্যবস্থাপনা করিতে হইবে যা নিয়মিত হালনাগাদ করা করিতে হইবে এবং কাস্টমস কর্তৃপক্ষের চাহিদামত উপস্থাপন করিতে হইবে;

(৭) বলবৎ আইন ও বিধির পরিপালন ব্যতিরেকে অথবা কাস্টমস কর্তৃপক্ষের রাজস্ব কর্মকর্তা বা তদূর্ধ্ব কর্মকর্তা কর্তৃক যথাযথ অনুমোদন ব্যতীত কাস্টমস বন্ডেড এলাকা হইতে পণ্য অপসারন করা যাইবে না;

(৮) পণ্য ঘোষণা ও অন্যান্য দলিলাদি ব্যতিরেকে কোনও রপ্তানি পণ্যচালান ওয়্যারহাউসে প্রবেশ করানো যাইবে না;

(৯) কোনো পণ্যচালান কাস্টমস কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কোনো এসিওএস এর নিকট আংশিক বা সম্পূর্ণরূপে হস্তান্তর করা যাইবে না;

(১০) চোরাচালান বা শুল্ক ও কর ফাঁকি বা আমদানি-রপ্তানির ক্ষেত্রে পরিপালনযোগ্য কোনো বাধ্যবাধকতার ব্যত্যয় পরিলক্ষিত হইলে সঙ্গে সঙ্গে উহার তথ্য যথাযথ কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিতে হইবে;

(১১) অপারেটর তাঁর ওয়্যারহাউসে প্রবেশকৃত সকল পণ্যচালানের সুরক্ষা ও নিরাপত্তার জন্য জিম্মাদার হইবেন;

(১২) অপারেটর তাঁর ওয়্যারহাউসে/ বন্ডেড এলাকায় প্রবেশকৃত সকল পণ্যচালানের শুল্ক করাদি এবং পণ্যের ক্ষতিপূরণ বা হারানোর জন্য দায়বদ্ধ হইবেন;

(১৩) অপারেটর তাঁর ওয়্যারহাউসে/ বন্ডেড এলাকায় প্রবেশকৃত সকল পণ্যচালানের এক কাস্টমস স্টেশন হইতে অন্য কাস্টমস হাউস/ওয়্যারহাউস/স্টেশনে স্থানান্তরের ক্ষেত্রে শুল্ক করাদি এবং পণ্যের ক্ষতিপূরণ বা হারানোর জন্য দায়বদ্ধ হইবেন;

(১৪) কাস্টমস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্তকৃত পণ্যের উপর সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতি ব্যতিরেকে অপারেটর কোন ভাড়া বা মাশুল আরোপ করিতে পারিবে না;

(১৫) সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতি ব্যতিরেকে ওয়্যারহাউসে প্রবেশ ও বহির্গমন গেইট এবং সীমানা প্রাচীর এর কাঠামোর কোনরূপ পরিবর্তন করা যাইবে না;

(১৬) সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতি ব্যতিরেকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও এতদসংক্রান্ত প্রযুক্তি স্থাপনের স্থান বা অবকাঠামোতে কোনরূপ পরিবর্তন করা যাইবে না;

(১৭) উপযুক্ত কাস্টমস কর্মকর্তার চাহিদা মোতাবেক ঝুঁকিপূর্ণ কার্গো ও পণ্যের ক্ষেত্রে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(১৮) সংশ্লিষ্ট কমিশনার এর নিকট সন্তোষজনক সংখ্যক কাস্টমস কর্মকর্তা-কর্মচারীগণকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি এর স্থাপন, ব্যবহার, রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদান ব্যতিরেকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি স্থাপন বিষয়ক কোনও কার্যক্রম গ্রহণ করা যাইবে না;

(১৯) অংশীজন ও ব্যবহারকারীদের নিরবিচ্ছিন্ন সেবা প্রদানের নিমিত্ত ২৪/৭ কাস্টমার সেবা কেন্দ্র চালু রাখিতে হইবে;

(২০) তথ্যপ্রযুক্তিভিত্তিক ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম চালু করিতে হইবে, যার আওতায় ওয়্যারহাউসে মজুদকৃত, পরিত্যক্ত, নির্ধারিত মেয়াদে অখালাসকৃত এবং বাজেয়াপ্তকৃত পণ্য হিসাবরক্ষণ ব্যবস্থাপনা নিশ্চিত করিতে হইবে; উক্ত সিস্টেম কার্গো চলাচলের রিয়েল টাইম অবস্থান সনাক্ত করিতে পারিতে হইবে এবং একইসাথে সিস্টেম ব্যবহারকারী অংশীজনদের ECTS বা তদ্রুপ কোন মোবাইল এপস এর মাধ্যমে নিজ নিজ এখতিয়ার অনুসারে কার্গো স্ট্যাটাস যাচাই করিবার সুযোগ প্রদান করিতে হইবে;

(২১) নিজস্ব আধুনিক One Stop Service Centre (OSS) বা On-Line Release System (OLRS) স্থাপন করিতে হইবে যা প্রযোজ্য ক্ষেত্রে কাস্টমস কম্পিউটার সিস্টেম বা Asycuda World এর সাথে ইলেক্ট্রনিক ডাটা ট্রান্সফার ও আন্তঃসংযোগের নিমিত্ত সংযুক্ত হইবে;

(২২) নিরাপত্তা ও সুরক্ষার আন্তর্জাতিক মান বজায় রেখে কাস্টমস কর্মকর্তা- কর্মচারীগণকে প্রাঙ্গনের সর্বত্র নিরঙ্কুশ প্রবেশাধিকার প্রদান করিতে হইবে;

(২৩) এসিওএস লাইসেন্সধারীকে সংশ্লিষ্ট কমিশনারের নির্দেশনা অনুযায়ী কাস্টমস কর্মকর্তাদের Merchant Overtime (MOT) প্রদান করিতে হইবে;

(২৪) কাস্টমস কর্তৃপক্ষ লিখিতভাবে চাইলে ০৫ (পাঁচ) দিনের মধ্যে সকল নথি, তথ্যপ্রযুক্তি/ সফটওয়্যার এর এক্সেস বিবৃতি, এফিডেভিট প্রদান করিতে হইবে;

(২৫) এসিওএস-এ সিসিটিভি ক্যামেরা ফুটেজ অন্তত ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সংরক্ষণ করার ব্যবস্থা থাকিতে হইবে এবং উপযুক্ত কাস্টমস কর্মকর্তার চাহিদা মোতাবেক যে কোন ফুটেজ সরবরাহ করিতে হইবে;

**১২। মনিটরিং, তদারকি ও পর্যবেক্ষণ।-**

(১) এসিওএস এর দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার আইন ও বিধির যথাযথ প্রয়োগের বিষয়ে তদারকি করিবেন এবং অপারেটর এর এই বিধিমালার অধীন যেকোন দায়িত্ব ও শর্ত পরিপালন বা বিচ্যুতির ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট কমিশনারকে অবহিত করিবেন;

(২) এসিওএস এর দক্ষতা মূল্যায়নের নিমিত্ত বোর্ড একটি ইলেকট্রনিক কমপ্লায়েন্স রেটিং সিস্টেম (CRS) প্রতিষ্ঠা করিবে।

**১৩। বিমা ।—** (১) এসিওএস এ কর্মরত সকল কর্মীদের জীবন বিমা ও দুর্ঘটনা বিমা নিশ্চিত করিতে হইবে;

(২) এসিওএস এর অগ্নি ও দুর্যোগ বিমা নিশ্চিত করিতে হইবে।

**১৪। ওয়্যারহাউসে কার্গো সংরক্ষণের মেয়াদ।-**

(১) যদি বিমানবন্দর পণ্য নামাইবার তারিখ হইতে ২১ দিনের মধ্যে এসিওএস হইতে কার্গো খালাস করা না হয়, তবে সেই ক্ষেত্রে আইনের বিধান অনুযায়ী নিলাম ও অন্যান্য আইনি কার্যক্রম গ্রহণ করা হইবে;

(২) দৈব দুর্বিপাক বা ব্যতিক্রমী পরিস্থিতিতে সংশ্লিষ্ট কমিশনার এর লিখিত অনুরোধক্রমে বোর্ড উপযুক্ত সময় পর্যন্ত ওয়্যারহাউসে কার্গো সংরক্ষণের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

**১৫। এসিওএস এর কার্যক্রমের অডিট ও মূল্যায়ন।-**

(১) সংশ্লিষ্ট কমিশনার প্রতিটি এসিওএস এর কার্যক্রম বিদ্যমান বিধিমালার আলোকে প্রতি বছর অডিট করিবেন এবং বন্ড লাইসেন্স নবায়নের সময় অডিট রিপোর্ট জমা বাধ্যতামূলক হইবে;

(২) পরিশিষ্ট-ঘ এ বর্ণিত কমিটি বার্ষিক অডিট সম্পন্ন করবে এবং প্রতিবেদন ৩০ জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট কমিশনার বরাবর জমা করিতে হইবে;

(৩) অডিট ও মূল্যায়নে নিম্নোক্ত বিষয়ে মূল্যায়ন করা হবে (কিন্তু এগুলোতেই সীমাবদ্ধ নয়):

ক. এসিওএস এর কার্যকারিতা ও সক্ষমতা, অবকাঠামো ও যন্ত্রপাতির মান, জনবল ও প্রশিক্ষণ সক্ষমতা;

খ. আইসিটি (ICT) অবকাঠামো, সাইবার নিরাপত্তা;

গ. কার্গো হ্যান্ডলিংয়ে গড় ক্লিয়ারেন্স সময়;

ঘ. প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি, জনবল উন্নয়ন;

ঙ. কার্গো ক্লিয়ারেন্স এর পরিমাণ;

চ. কর্মীদের মতামত;

ছ. আন্তর্জাতিক মান অনুযায়ী স্বীকৃতি;

জ. রাজস্ব আদায় ও শুল্ক—কর পরিশোধ;

ঝ. শুল্ক-কর ফাঁকি সংক্রান্ত মামলা, জব্দ/অনিয়ম ইত্যাদি সংক্রান্ত কমপ্লায়েন্স রেকর্ড;

ঞ. নিলামযোগ্য ও পচনশীল পণ্যের ধ্বংসকরণ;

ট. সেবা মান;

ঠ. স্টেকহোল্ডারগণের অভিমত ও সন্তুষ্টি;

ড. আন্তর্জাতিক সার্টিফিকেশন।

(৪) অডিট বা মূল্যায়নে অনিয়ম ধরা পড়িলে কমিটি সংশ্লিষ্ট কমিশনার কে রিপোর্ট দাখিল করিবে, এবং কমিশনার বিধি ১৬ অনুসারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

**১৬। এসিওএস এর লাইসেন্স স্থগিত/বাতিল এবং জরিমানা আরোপ ও আপিল পদ্ধতি।—**

(১) এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করা হইলে সংশ্লিষ্ট কমিশনার এসিওএস কর্তৃপক্ষকে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর লিখিত নোটিশ প্রদান করিয়া এবং শুনানির সুযোগ প্রদান করত: এসিওএস কর্তৃপক্ষকে লাইসেন্স বাতিলসহ অন্যূন ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন;

(২) এই বিধিমালার বিধান সাপেক্ষে আইনের বিধান, নিয়ম, নির্দেশনা বা আদেশ লঙ্ঘন করিলে সংশ্লিষ্ট কমিশনার উক্ত লাইসেন্স/অনুমোদন স্থগিত/বাতিল করিতে পারিবেন এবং নিরাপত্তা জামানতও বাজেয়াপ্ত করিতে পারিবেন, তবে চূড়ান্তভাবে বাতিলের ক্ষেত্রে বোর্ড এর পূর্বানুমোদন গ্রহণ বাধ্যতামূলক হইবে;

(৩) উপ-বিধি (১) যাহা কিছুই থাকুক না কেন, সংশ্লিষ্ট কমিশনার বিশেষ বিবেচনায় যেখানে দ্রুত ব্যবস্থা গ্রহণ জরুরি, কিংবা গুরুতর কোন অভিযোগের তদন্ত চলমান রহিয়াছে, এইরূপ ক্ষেত্রে এসিওএস এর লাইসেন্স/অনুমোদন সাময়িক বাতিল/স্থগিত করত: আইনগত কার্যধারা শুরু করিবেন;

(৪) বিধি এর অধীন লাইসেন্স প্রদানকারী কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে কেউ সংক্ষুব্ধ হইলে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আইনের ধারা ২২৬ মোতাবেক কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনালে আপিল করিতে পারিবেন।

**১৭। ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহার।**- এই বিধিমালার আওতাধীন যেকোনো কার্যক্রম বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় শর্ত ও সীমাবদ্ধতাসহ যথাসম্ভব ইলেকট্রনিক মাধ্যমে সম্পন্ন করিতে হইবে।

**১৮। আদেশ জারি করিবার ক্ষমতা।**- সংশ্লিষ্ট কমিশনার এই বিধিমালা বাস্তবায়ন এবং প্রয়োজনীয় কার্যপ্রণালী (Standard Operating Procedure) নির্ধারণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে আদেশ জারি করিতে পারিবেন।

**পরিশিষ্ট-ক**

[বিধি ৭ দ্রষ্টব্য]

প্রাপক:

কমিশনার

---------------------------- (ঠিকানা)।

বিষয়: **"এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) বিধিমালা, ২০২৬" এর আওতায় লাইসেন্স অনুমোদন/নবায়ন আবেদনপত্র।**

মহোদয়,

আমি/আমরা নিম্নোক্ত তথ্যাদি প্রদানপূর্বক উপরোক্ত বিধিমালার আওতায় এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) হিসেবে অনুমোদন/নবায়নের জন্য আবেদন করছি:

**১. আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানাঃ**

(ক) আবেদনকারীর নামঃ --------------------------------, ইংরেজিতেঃ -----------------------------

(খ) পূর্ণ ঠিকানা (রেজিস্টার্ড অফিস/ হেড অফিস): --------------------------------------------

(গ) টেলিফোন নম্বরঃ ----------------------------

(ঘ) ফ্যাক্স নম্বরঃ ----------------------------

(ঙ) ই-মেইল ঠিকানাঃ ----------------------------

(চ) পরিচালক/ পার্টনার (গণ) এর নাম ও ঠিকানাঃ ----------------------------

**২. আবেদনকারীর প্রকৃতি:**

(ক) পাবলিক লিমিটেড কোম্পানি

(খ) প্রাইভেট লিমিটেড কোম্পানি

(গ) এক ব্যক্তি কোম্পানি

(ঘ) পার্টনারশিপ

(ব) অন্যান্য (উল্লেখ করুন)

[সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন, আর্টিকেল অফ এসোসিয়েশন এবং মেমরেন্ডাম (কোম্পানির ক্ষেত্রে) আবেদনের সাথে দাখিল করিতে হইবে]

**৩. প্রস্তাবিত স্থাপনার বিবরণ:** আনলোডিং/লোডিং এলাকা, অপারেশনাল এলাকা, স্ট্যাকিং এলাকা, সংরক্ষণ এলাকা, কাস্টমস অফিস, ইউজার এজেন্সির স্থান ইত্যাদির বিস্তারিত অবস্থান উল্লেখ সহকারে লে-আউট প্ল্যান সংযুক্ত করিতে হইবে।

**৪. বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুমোদন পত্র;**

**৫. প্রস্তাবিত প্রাঙ্গনের কার্গো/কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা;**

**৬. অবকাঠামো ও যন্ত্রপাতির বিবরণ (লোডিং/আনলোডিং, স্ট্যাকিং, কনসলিডেটিং, ডিকনসলিডেটিং, স্টাফিং, আন-স্টাফিং, সংরক্ষণ ও ডেলিভারি সংক্রান্ত);**

**৭. নিরাপত্তা ব্যবস্থার বিবরণ (বাউন্ডারি ওয়াল, এন্ট্রি, এক্সিট গেইট, কার্গো প্রবেশ/বহির্গমন, CCTV, নিরাপত্তা টাওয়ার ইত্যাদি);**

**৮. NII (স্ক্যানার) ও অন্যান্য যন্ত্রপাতির বিবরণ:**

**৯. কম্পিউটারাইজড সিস্টেম সংক্রান্ত বিবরণ:**

প্রকাশ

১০. আবেদনকারী ইতিপূর্বে কখনো এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) হিসেবে আবেদন করে প্রত্যাখ্যাত হয়েছে কীনা (হয়ে থাকলে তাঁর বিবরণ)

১১. আবেদনকারী কোনো আইনে (The Customs Act, ১৯৬৯/ কাস্টমস আইন, ২০২৩/ অন্যান্য আইন) দণ্ডিত/অভিযুক্ত হয়েছেন কি?

১২. নবায়ন আবেদন হলে, পূর্বের অনুমোদন/নবায়নের তারিখ উল্লেখ করুন:

১৩. ঘোষণা:

আমি/আমরা ঘোষণা প্রদানের জন্য আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত; এবং প্রদত্ত তথ্য ও দলিলাদি সম্পূর্ণ সত্য। প্রদত্ত তথ্যের কোনরূপ পরিবর্তন হলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবহিত করিবো।

আমি/আমরা এসংক্রান্ত বিধিমালা সম্পূর্ণ পড়েছি এবং তা পালনে অঙ্গীকারবদ্ধ, এবং প্রদত্ত তথ্যে কোন ভুল/অসঙ্গতি পেলে তার দায়-দায়িত্ব আমরা বহন করবো।

তারিখ: ------------------------------------

স্বাক্ষর: ------------------------------------

আবেদনকারী/অধিকৃত স্বাক্ষরকারী

স্থান: ------------------------------------

খসড়া